

সময় - ২ঘন্টা ৩০ মিনিট

যেকোনো ৭ টি প্রশ্নের উত্তর দাও:

১। উদ্দীপক অনুযায়ী নিচের প্রশ্নগুলোর উত্তর দাও:

A হচ্ছে ঔষধি বৃক্ষ সম্পদ এবং B হচ্ছে বেত ও বাঁশ শিল্প। বনভূমি ধ্বংসের কারণে বাংলাদেশে A ও B উভয়েই ক্ষতিগ্রস্ত হচ্ছে।

ক. গোয়াল ঘর কী?

খ. বাচকে শাল দুধ খাওয়ানোর উপকারিতা লিখ।

গ. উদ্দীপকের A এর বর্ণনা দাও।

ঘ. উদ্দীপকের B এর গুরুত্ব বিশ্লেষণ কর।

২। উদ্দীপক অনুযায়ী নিচের প্রশ্নগুলোর উত্তর দাও:

ক্রিয়া : ১ - পশুর আবাসনের জন্য স্থান নির্বাচন ও তৈরি করা

ক্রিয়া : ২ - পশুর প্রাত্যহিক পর্যবেক্ষণ ও রোগ চিকিৎসা

ক. রিভারপেস্ট কী ?

খ. মাংস উৎপাদনকারী ভেড়ার খাদ্য তালিকা উল্লেখ কর।

গ. ক্রিয়া : ১ এর প্রক্রিয়া বর্ণনা কর।

ঘ. বাংলাদেশের প্রেক্ষিতে ক্রিয়া-২ এর গুরুত্ব বিশ্লেষণ কর।

৩। উদ্দীপক অনুযায়ী নিচের প্রশ্নগুলোর উত্তর দাও:

নদীমাতৃক বাংলাদেশ X নামক প্রাণীর পালনের জন্য উপযোগী। এখানে, X = হাঁস।

ক. সমন্বিত চাষ কী?

খ. বাংলাদেশে সমন্বিত চাষের গুরুত্ব সম্পর্কে লিখ।

গ. উদ্দীপকের X প্রাণীটির উন্মুক্ত ও আবদ্ধ পদ্ধতিতে পালন প্রক্রিয়া বর্ণনা কর।

ঘ. উদ্দীপকের X প্রাণীটির বিভিন্ন পালন পদ্ধতির মধ্যে কোনটি সর্বাপেক্ষা ভালো - বিশ্লেষণ কর।

৪। উদ্দীপক অনুযায়ী নিচের প্রশ্নগুলোর উত্তর দাও:

P = সমন্বিত মাছ ও হাঁস/মুরগী চাষ

Q = মাছ চাষের অর্থনৈতিক দিক

ক. মাইক্রোনিউট্রেন্ট কী?

খ. পুষ্টির চাহিদা পূরণে মাছের ভূমিকা উল্লেখ কর।

গ. উদ্দীপকের P প্রক্রিয়াটি সংক্ষেপে বর্ণনা কর।

ঘ. উদ্দীপকের Q এর প্রভাব সম্পর্কে আলোচনা কর।

৫। উদ্দীপক অনুযায়ী নিচের প্রশ্নগুলোর উত্তর দাও: (৪র্থ অধ্যায়)

কয়েক বছর যাবৎ বৃষ্টিপাত কম হওয়ার কারণে এবং জলবায়ু বিরূপ প্রভাবে কারণে কৃষি ফলন কম হলে কৃষকরা উপজেলা কৃষি কর্মকর্তার কাছে পরামর্শ নেন এবং কৃষি কর্মকর্তার পরামর্শ অনুযায়ী ফসল উৎপাদন কৌশল অবলম্বন করে কৃষকরা বিপর্যয় এড়াতে সক্ষম হয়।

ক. অনাবৃষ্টি কাকে বলে?

খ. মৎস্য চাষে তাপমাত্রা বৃদ্ধির প্রভাব ব্যাখ্যা কর।

গ. উদ্দীপকের সমস্যাটির বিবরণ দাও।

ঘ. উদ্দীপকে উল্লিখিত অবস্থায় মৎস্য চাষ ও গবাদি পশু পালন কৌশল বিশ্লেষণ কর।

৬। উদ্দীপক অনুযায়ী নিচের প্রশ্নগুলোর উত্তর দাও:

P = খরা অবস্থায় ফসল উৎপাদন কৌশল

Q = বন্যপ্রাণ অঞ্চলে কৃষিতাত্ত্বিক ব্যবস্থা

ক. তীব্র ক্ষরা কী?

খ. বৈশ্বিক উষ্ণায়নের কারণ সম্পর্কে লিখ।

গ. উদ্দীপকের P এর বর্ণনা কর।

ঘ. উদ্দীপকের Q এর গুরুত্ব বিশ্লেষণ কর।

৭। উদ্দীপক অনুযায়ী নিচের প্রশ্নগুলোর উত্তর দাও:

P = কৃষিতে জলবায়ু প্রভাব।

ক. জমির লবণাক্ততা কী?

খ. ভূমির লবণাক্ততা রোধে করণীয় সম্পর্কে লিখ।

গ. উদ্দীপকের P এর প্রভাব বর্ণনা কর।

ঘ. বাংলাদেশের প্রাকৃতিক ভারসাম্য রক্ষায় P এর ক্ষতিকর প্রভাব রোধে করণীয়গুলো বিশ্লেষণ কর।

৮। উদ্দীপক অনুযায়ী নিচের প্রশ্নগুলোর উত্তর দাও:

ধান চাষে বাংলাদেশের আবহাওয়া খুবই উপযোগী। ধান চাষের সাথে আমাদের দেশের সিংহভাগ কৃষকরা জড়িত। উন্নত চাষাবাদ পদ্ধতি ও প্রযুক্তিগত জ্ঞানের অভাবে ধানের লাভজনক উৎপাদন ব্যাহত হচ্ছে।

ক. জৈব সার কী?

খ. ফসল চাষে ইউরিয়া সার একাধিক কিস্তিতে প্রয়োগ করা হয় কেন?

গ. উদ্দীপকে উল্লিখিত ফসলটির চাষ প্রক্রিয়ায় সার ব্যবস্থাপনা বর্ণনা কর।

ঘ. উদ্দীপকের ফসলটির লাভজনক উৎপাদনে করণীয়গুলো বিশ্লেষণ কর।

৯। উদ্দীপক অনুযায়ী নিচের প্রশ্নগুলোর উত্তর দাও:

জলবায়ু পরিবর্তনের কারণে বাংলাদেশের হাওড়-বাওড় ও হালদা নদীতে ছোট্ট মাছ ও কার্প জাতীয় মাছের ডিম উৎপাদন ব্যাহত হচ্ছে।

ক. হ্যালোফাইটস কী?

খ. পরিবেশের বিরূপ প্রতিক্রিয়ার একটি ক্ষতিকর প্রভাব সম্পর্কে লিখ।

গ. উদ্দীপকে উল্লিখিত সমস্যাটি সম্পর্কে বর্ণনা কর।

ঘ. উদ্দীপকে উল্লিখিত সমস্যাটির ক্ষতিকর প্রভাব বিশ্লেষণ কর।

১০। উদ্দীপক অনুযায়ী নিচের প্রশ্নগুলোর উত্তর দাও:

পাট(A)'কে বাংলাদেশের সোনালী আঁশ বলা হয়। বাংলাদেশের জলবায়ু পাট চাষের উপযোগী। কাঁচামালের পর্যাপ্ত যোগানের শর্ত থাকার পরও বাংলাদেশের পাটশিল্প বিকাসমান নয়।

ক. BRRI কী?

খ. BJRI এর উদ্ভাবিত পাটজাত সম্পর্কে লিখ।

গ. উদ্দীপকের A ফসলটির চাষ পদ্ধতি সংক্ষেপে বর্ণনা কর।

ঘ. উদ্দীপকের A ফসলটির রোগ- বালাই দমন পদ্ধতি বিশ্লেষণ কর।

১১। উদ্দীপক অনুযায়ী নিচের প্রশ্নগুলোর উত্তর দাও:

উপকূলবর্তী কৃষকেরা কৃষি কর্মকর্তার পরামর্শে বিনা ধান- ৮ চাষ করার সিদ্ধান্ত নেন। এছাড়াও সরকারের কৃষি অধিদপ্তরের নানান শোভাযাত্রা, তথ্যচিত্র ও লিফলেট হতে অন্যান্য ফসলের চাষ পদ্ধতি সম্পর্কে উপকূলের কৃষকরা ধারণা পায় এবং এতে কৃষকরা কৃষিক্ষেত্রে উপকৃত হয়।

ক. আবহাওয়া কাকে বলে?

খ. আউশ ও আমন ধানের ২টি করে জাতের নাম লিখ।

গ. উপকূলীয় কৃষকদের সিদ্ধান্ত সঠিক কি না তা ব্যাখ্যা কর।

ঘ. উপকূলীয় এলাকায় কৃষি অধিদপ্তরের কার্যক্রমগুলো মূল্যায়ন কর।